



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

নং-বিএসএমএমইউ/২০২৪/৮৬২০

তারিখ : ৩০-০৯-২০২৪ ইং

ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এবং অধিভুক্ত প্রতিষ্ঠান National Institute of Advanced Nursing Education and Research (NIANER) -এ জুলাই ২০২৪ইং শিক্ষাবর্ষে Master of Science in Nursing (MSN) Course এর Adult and Elderly Health Nursing (AEHN), Women's Health and Midwifery Nursing (WHMN), Child Health Nursing (CHN), Mental Health and Psychiatric Nursing (MHPN), Community Health Nursing (Com.HN) ও Nursing Management (NM), Cardio-thoracic Nursing (CTN), Intensive Care Nursing (ICN), Orthopedic and Trauma Nursing (OTN), Nephro-Urology Nursing (NUN), Ophthalmic Nursing (ON) ও Neuroscience Nursing (NN) বিষয়সমূহে ভর্তির জন্য সরকারী ও বিএসএমএমইউ নার্স প্রার্থীর নামের তালিকা এতদসংগে প্রকাশ করা হ'ল। সরকারী এবং বিএসএমএমইউ প্রার্থীদের ক্ষেত্রে ০৬/১০/২০২৪ ইং তারিখ থেকে ছুটির আদেশ/প্রেরণাদেশ প্রাপ্তি সাপেক্ষে ভর্তির কার্যক্রম চলবে। সকল বিষয়ে ভর্তির ক্ষেত্রে কোর্স ফি, টিউশন ফি এবং রেজিস্ট্রেশন ফি সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি শাখা থেকে জানা যাবে। উল্লেখ্য, বিএসএমএমইউ-তে ভর্তির কার্যক্রম গ্রাজুয়েট নার্সিং বিভাগ, পরিবাগ, ঢাকায় পরিচালিত হবে।

মূল মাইগ্রেশন সনদসহ নিম্ন বর্ণিত কাগজপত্র ও পাসপোর্ট সাইজের ছবি ০২ (দুই) সেট করে ভর্তির সময় সকল প্রার্থীর নিকট থেকে জমা নিতে হবে :

- ১। নির্বাচিত তালিকায় প্রার্থীর নাম সম্বলিত অংশ (www.bsmmu.ac.bd থেকে প্রার্থীর নাম সম্বলিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফলাফলের তালিকা সংগ্রহ পূর্বক জমা দিতে হবে);
- ২। ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের অনুলিপি;
- ৩। ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;
- ৪। শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদের অনুলিপি;
- ৫। বিএসসি (ইন নার্সিং/মিডওয়াইফাই) এর মূল সনদের অনুলিপি;
- ৬। জাতীয় পরিচয় পত্রের অনুলিপি;
- ৭। BNMC কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশনের মূল সনদের অনুলিপি;
- ৮। মূল মাইগ্রেশন সনদের অনুলিপি;
- ৯। মূল মাইগ্রেশন সনদ (প্রতিষ্ঠান কর্তৃক বিশ্ববিদ্যালয়ে প্রেরণের জন্য)।

উল্লেখ্য, মূল মাইগ্রেশন সনদ, ছবি ও অন্যান্য সনদের ০১ (এক) সেট সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।

সকল প্রার্থীকে ভর্তির পূর্বে মূল মাইগ্রেশনের স্ক্যান কপি নিজের কাছে ই-রেজিস্ট্রেশনের জন্য সংরক্ষণ করার বিষয়টি প্রতিষ্ঠান কর্তৃক অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। জুলাই ২০২৪ ইং শিক্ষাবর্ষে ভর্তিকৃত সকল প্রার্থীকে আগামী ৩০-১০-২০২৪ ইং থেকে ৩১-০৮-২০২৫ ইং তারিখের মধ্যে অনলাইনে ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নির্দিষ্ট লিংকে পাওয়া যাবে।

Master of Science in Nursing (MSN) Course এর উল্লিখিত বিষয়সমূহে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।

আদেশক্রমে

(ডা. মোঃ রুহুল কুদ্দুস)

উপ-রেজিস্ট্রার (শিক্ষা)

নং-বিএসএমএমইউ/২০২৪/৮৬২০/১(৯)

তারিখ : ৩০-০৯-২০২৪ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। ডীন, নার্সিং অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। পরিচালক, National Institute of Advanced Nursing Education and Research (NIANER), মুগদা, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, গ্রাজুয়েট নার্সিং বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিচালক (পরিদর্শন)/পরিচালক (অর্থ ও হিসাব)/পরিচালক (হাসপাতাল)/ পরিচালক (আইটি সেল)/ গ্রহাগারিক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (শিক্ষা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। একান্ত সচিব, মাননীয় ভাইস চ্যান্সেলর/প্রো-ভাইস চ্যান্সেলর গণ/কোষাধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৯। বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট www.bsmmu.ac.bd

(ডা. মোঃ রুহুল কুদ্দুস)

উপ-রেজিস্ট্রার (শিক্ষা)